একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোয়ালমারী, ফরিদপুর
(www.boalmari.faridpur.gov.bd)

## হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলাধীন বোয়ালমারী উপজেলার ভৌগোলিক সীমার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর এর নিয়ন্ত্রণাধীন নিম্নে বর্ণিত হাট-বাজার বাংলা ১৪২৯ সালের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত এক বৎসরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/সংস্থা/পেশাজীবিদের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ১৪২৯ বাংলা সনের সম্ভাব্য ইজারা মূল্য | শিডিউল মূল্য |
|---|---|---|---|
| ০১ | সাতৈর হাট | ২৬,৪৬,৮৯৩ | ৬,০০০ |
| ০২ | কাদিরদী হাট | ১৩,৭৬,৬১০ | ৩,৪০০ |
| ০৩ | জয়নগর (সংরক্ষিত) হাট | ২,১৭,৫৪৯ | ১,২০০ |
| ০৪ | বেড়াদী হাট | ২৫,৬১৮ | ৫০০ |
| ০৫ | বারাংকুলা হাট | ৩,৪৫,৩৮৫ | ১৫০০ |
| ০৬ | বারাংকুলা গো হাট | ১,০৬,০০০ | ১,০০০ |
| ০৭ | তেলজুড়ী হাট | ৪৩,২৮৫ | ৫০০ |
| ০৮ | সহস্রাইল (সংরক্ষিত) হাট | ১৯,৭৪,৪২৮ | ৪,৬০০ |
| ০৯ | তেলজুড়ী নতুন বাজার | ১৩,৪৮৪ | ৫০০ |
| ১০ | ভীমপুর হাট | ১৪,৯৪৬ | ৫০০ |
| ১১ | গোহাইলবাড়ী (সংরক্ষিত) হাট | ১,১৩,০০৯ | ১,০০০ |
| ১২ | লংকারচর আব্দুল হাই খানের হাট | ৮,৯৮৯ | ৫০০ |
| ১৩ | ময়েনদিয়া হাট | ৩৭,৯৩,৩৮৮ | ৮,২০০ |
| ১৪ | তামারহাজী হাট | ৩,৪৬৭ | ৫০০ |
| ১৫ | জয়পাশা (সংরক্ষিত) হাট | ১,২৩,৪৯০ | ১,০০০ |
| ১৬ | রাজাপুর (সংরক্ষিত) হাট | ১,১৩,৯৯০ | ১,০০০ |
| ১৭ | বাবুর বাজার | ৪৬,১১০ | ৫০০ |
| ১৮ | নদীয়ারচাঁদ (সংরক্ষিত) হাট | ১৮,৪৬৩ | ৫০০ |
| ১৯ | চিতারবাজার | ১৪,৫৭,৫৪০ | ৩,৬০০ |
| ২০ | কোন্দারদিয়া হাট | ৩৩,১৩৫ | ৫০০ |
| ২১ | কালিনগর হাট | ১২,২৭,৮৭০ | ৩,২০০ |
| ২২ | কাটাগড় (সংরক্ষিত) হাট | ২,৪৫,২৫০ | ১,২০০ |
| ২৩ | ময়না হাট | ৪,২২৫ | ৫০০ |
| ২৪ | খরসূতী হাট | ৮,৯৩২ | ৫০০ |
| ২৫ | চরবর্ণি হাট | ২১,০২৯ | ৫০০ |
| ২৬ | ঠাকুরপুর বাজার | ১,২৬,১৪০ | ১,০০০ |

## "ডাকের তফসিল"

| ইজারাযোগ্য হাটের সংখ্যা | ডাক | দরপত্র/সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২৬টি | ১ম ডাক | ০৬/০৩/২০২২ | ০৭/০৩/২০২২ দুপুর ১:০০ টা পর্যন্ত | দরপত্র দাখিলের দিন বিকাল ৩:০০ ঘটিকায় | ১ম পর্যায়ে যে সকল হাটবাজারের দাখিলকৃত দর অনুমোদিত হবে সে সকল হাট ২য় পর্যায়ে ইজারা সংক্রান্ত তফসিল হতে বাদ যাবে। এ ভাবে ৫ম বার পর্যন্ত দরপত্র গ্রহণ কার্যক্রম চলবে এবং এজন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না। |
| | ২য় ডাক | ১৩/০৩/২০২২ | ১৪/০৩/২০২২ দুপুর ১:০০ টা পর্যন্ত | | |
| | ৩য় ডাক | ২০/০৩/২০২২ | ২১/০৩/২০২২ দুপুর ১:০০ টা পর্যন্ত | | |
| | ৪র্থ ডাক | ২৮/০৩/২০২২ | ২৯/০৩/২০২২ দুপুর ১:০০ টা পর্যন্ত | | |
| | ৫ম ডাক | ০৫/০৪/২০২২ | ০৬/০৪/২০২২ দুপুর ১:০০ টা পর্যন্ত | | |

## শর্তাবলী :

০১. বাংলা ১৪২৯ সনের ১লা বৈশাখ হতে ১৪২৯ সনের ৩০শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২. দরপত্র জেলা প্রশাসক, ফরিদপুর এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, বোয়ালমারী থানা, সোনালী ব্যাংক, বোয়ালমারী শাখা হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।

০৩. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুরের অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যে সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারী বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৪. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৫. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুণরায় দরপত্র আহবান করা হবে।

০৬. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৭. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৯. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১১. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১২. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা নির্ধারিত সময়ে আদায় না হলে সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. যে কোন বিষয়ে সমস্যা বা জটিলতার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

20/2/22

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালমারী, ফরিদপুর।
ফোনঃ ০৬৩২৪৫৬১৩১
ই-মেইল: unoboalmari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.১২.২৯১৮.০০১.০১.০৮০.২২-১১৯(৫০)

তারিখঃ২০ /০২/২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণর জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. জেলা প্রশাসক, ফরিদপুর।
০২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
০৩. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ফরিদপুর।
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।
০৫. উপজেলা নির্বাহী অফিসার ................................................................ (সকল)।
০৬. মেয়র, বোয়ালমারী পৌরসভা, বোয়ালমারী, ফরিদপুর।
০৭. রেভিনিউ ডেপুটি কালেক্টর, ফরিদপুর।
০৮. সহকারী কমিশনার (ভূমি), বোয়ালমারী, ফরিদপুর।
০৯. উপজেলা........................................................... কর্মকর্তা, বোয়ালমারী, ফরিদপুর।
১০. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, বোয়ালমারী শাখা।
১১. অফিসার ইনচার্জ, বোয়ালমারী থানা, বোয়ালামারী, ফরিদপুর।
১২. চেয়ারম্যান ........................... ইউপি (সকল), বোয়ালমারী।
১৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ............................................ ইউনিয়ন ভূমি অফিস, বোয়ালমারী, ফরিদপুর।
১৪. জনাব ................................................ ইজারাদার, ....................................... হাট-বাজার।
১৫. অফিস কপি।

20/2/22

উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালমারী, ফরিদপুর।